ডঃ মোহাম্মদ হোসেন মণ্ডল, মহাপরিচালক (অবঃ), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

বিশিষ্ট উদ্ভিদ শারীরতত্ত্ববিদ, স্বনামধন্য কৃষি বিজ্ঞানী ডঃ মোহাম্মদ হোসেন মন্ডল ২৪ সেপ্টেম্বর ১৯৮৬ হতে ২৪ নভেম্বর ১৯৯২ পর্যন্ত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালকের দায়িত্বের পূর্বে তিনি ১৫ অগাস্ট ১৯৮৪ হতে ২৩ সেপ্টেম্বর ১৯৮৬ পর্যন্ত পরিচালক (গবেষণা) হিসেবে অত্র প্রতিষ্ঠানে দায়িত্ব পালন করেন। ডঃ মন্ডল ০১ ডিসেম্বর ১৯৭৭ সালে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট -এ সহযোগী পরিচালক (গবেষণা) হিসেবে যোগদান করেন। তিনি বাংলাদেশ পাট গবেষণা প্রতিষ্ঠান অধ্যাদেশ ১৯৭৪ (১৩ নং অধ্যাদেশ) এর ৭ (১) ধারা বলে সংস্থাপন মন্ত্রণালয়ের আদেশ মতে প্রেষণে ৪ঠা অক্টোবর ১৯৯৩ হতে ১ই নভেম্বর ১৯৯৩ পর্যন্ত বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক হিসাবে অত্যন্ত সফলভাবে দায়িত্ব পালন করেন। এছাড়াও ডঃ মন্ডল বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর মহাপরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণের পূর্বে ১৯৯২ সালের ২৭ শে অক্টোবর এ বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (কৃষি মন্ত্রনালয়) হিসেবে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এ দায়িত্ব পালন করেন। ১১ই নভেম্বর ১৯৯৩ সালে তিনি সরকারী চাকরি হতে অবসর গ্রহণ করেন।

ডঃ মণ্ডল দেশ-বিদেশে অনেক প্রতিষ্ঠানে পরামর্শক/বিশেষজ্ঞ হিসেবে দায়িত্ব পালন করেছেন। বিশেষভাবে তিনি যুক্তরাষ্ট্রের মিনিসোটা ইউনিভার্সিটি তে কৃষিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগে বিশেষজ্ঞ গবেষক হিসাবে দ্বায়িত্ব পালন করেন। এছাড়া কর্মজীবনে তিনি American society of plant physiologist, American society of Agronomy, Crop science society of America এর একজন গর্বিত সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন।

ডঃ মডল অত্যন্ত মেধাবী ছাত্র ছিলেন। তিনি ১৯৫২ সালে বাসুদেবপুর উচ্চ বিদ্যালয় হতে এস.এস.সি তে প্রথম বিভাগে ও ১৯৫৪ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে এইচ.এস.সি তে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হন। তিনি ১৯৫৬ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে বি. এস. সি. তে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হন। পরে তিনি ঢাকা ইউনিভার্সিটি হতে বি. এজি. এবং ১৯৬২ সালে কৃষি অনুষদ থেকে ক্রপ বোটানি বিষয়ে এম. এস. সি. ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে তিনি ১৯৬৭ সালে যুক্তরাষ্ট্রের ইলিনয় ইউনিভার্সিটি থেকে বোটানি বিষয়ে এম. এস. এবং ১৯৭২ সালে উদ্ভিদ শারীরতত্ত্ববিদ বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

তাঁর দেশি বিদেশি বিভিন্ন সায়েন্টিফিক জার্নাল ও ম্যাগাজিনে তাঁর বেশ কিছু গবেষণা নিবন্ধ প্রবন্ধ প্রকাশিত হয়েছে। তিনি উদ্ভিদ শারীরতত্ত্ব এবং উদ্ভিদ হরমোন এর গবেষণা বিষয়ে পুস্তক রচনা করেন। এছাড়াও তিনি দৈনিক ও মাসিক পত্রিকায় নিয়মিতভাবে বিজ্ঞান গবেষণা বিষয়ক বিভিন্ন নিবন্ধ প্রকাশ করেছেন। ডঃ মণ্ডল বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর বিভিন্ন ফসলের উচ্চ ফলনশীল জাত ও প্রযুক্তি উদ্ভাবনে বিশেষ অবদান রেখেছেন। তিনি বিভিন্ন ফসল এর শারীরতাত্ত্বিক গবেষণায় বাংলাদেশে বেশ সুপরিচিত ছিলেন।

ডঃ মণ্ডল বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ এবং সিম্পোজিয়ামে যোগদানের উদ্দেশ্যে আমেরিকা, পাকিস্তান, থাইল্যান্ড, ভারত, নেপাল, অস্ট্রেলিয়া, ফিলিপিন সহ বিভিন্ন দেশ ভ্রমণ করেন। ডঃ মণ্ডল ব্যক্তিগত জীবনে ০২ (দুই) সন্তানের জনক। স্বনামধন্য এ কৃষি বিজ্ঞানী ১৯৩৬ সালের ১২ ই নভেম্বর রংপুরে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন।